ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

# আনন্দবাজার পত্রিকা



বিধ্বংসী বুমরায় বিপর্যস্ত বাজ়বল
দ্বিশতক যশস্বীর খেলা



প্রেমের চির-কাঙালিনী সঙ্গীতশিল্পী গওহরজান
রবিবাসরীয়



পুকুরে মিলল নিখোঁজ বালকের দেহ
অবরোধ আগরপাড়ায় কলকাতা

ঘাটালের সব পদ থেকে ইস্তফা দেবের
তবে কি আর প্রার্থী নন ৫



epaper.anandabazar.com কলকাতা ২০ মাঘ ১৪৩০ রবিবার ৪ ফেব্রুয়ারি ২০২৪ শহর সংস্করণ ৭.০০ টাকা ৫৬ পাতা XXCM

## স্তন ক্যানসার
## জানুন, পরিবারকে সুরক্ষিত করুন



সঞ্জীব আচার্য্য
কর্ণধার, সেরাম গ্রুপ
মোঃ ৯৮৩০০ ১২১৫৪

ক্যানসার শব্দের সঙ্গে মৃত্যু যেন ওতপ্রোতভাবে জড়িত। বর্তমানে আধুনিক চিকিৎসা ব্যবস্থায়, প্রাথমিক পর্যায়ে ক্যানসার রোগ নির্ধারণ করা গেলে তা নিরাময় করা সম্ভব। একথা বলা যেতে পারে, Immunohisto chemistry-র মধ্যে দিয়ে চিকিৎসা প্রোটোকলকে মাথায় রেখে তদানুযায়ী চিকিৎসার বন্দোবস্ত করা হলে এই রোগ সারানো সম্ভব। কিন্তু সবটাই নির্ভর করে ক্যানসারের stage-এর ওপর। আলোচ্য বিষয়সূচির অন্যতম প্রতিপাদ্য বিষয় হল স্তন ক্যানসার (Breast Cancer)।

**স্তন ক্যানসারের ঝুঁকির বিষয়গুলো:**
বহুবিধ কারণে স্তন ক্যানসার (Breast Cancer) হওয়ার ঝুঁকি থাকে। এদের মধ্যে প্রধান কারণগুলো হল, বংশগতানুক্রমিক (Heredity), জেনেটিক প্রবণতা (Genetic Predisposition), হরমোনজনিত কারণ (Hormonal irregularities) এবং ফাস্ট ফুড (Diet)। স্তন ক্যানসারের বিষয়ে প্রধানত পারিবারিক ইতিহাস বিশেষ করে মায়ের দিক থেকে ইতিহাসটা বিশেষভাবে পর্যালোচনা করা প্রয়োজন।

**ঝুঁকি বৃদ্ধির বিষয়গুলো:**
(১) BRCA1 এবং BRCA2 জিনের মিউটেশন রিপোর্ট যদি Positive থাকে তবে স্তন (Breast) ক্যানসারের সম্ভাবনা বৃদ্ধি পায়।
(২) প্রারম্ভিক পিরিয়ড (Early menarche) অর্থাৎ ১২ বছরের নীচে যদি পিরিয়ড শুরু হয় তবে স্তন ক্যানসারের (Breast Cancer)–এর প্রবণতা বাড়ে।
(৩) দেহে ইস্ট্রোজেনের মাত্রা (Estrogen level) বৃদ্ধি পেলে স্তন ক্যানসারের (Breast Cancer)-এর প্রবণতা বৃদ্ধি পায়। ইস্ট্রোজেনের উৎপাদন দেহের অভ্যন্তরে যেমন বিদ্যমান তেমনই বাইরে থেকেও আমরা ইস্ট্রোজেন গ্রহণ করছি। যেমন নিজেকে সুশ্রী রাখতে অনেকেই HRT (Hormone replacement therapy) করান। সেক্ষেত্রে বাইরে থেকে দেহের অভ্যন্তরে অতিরিক্ত ইস্ট্রোজেন প্রবেশ করছে, যা স্তন সহ অন্যান্য ক্যানসারের ঝুঁকি বৃদ্ধিতে সাহায্য করছে।
(৪) ধূমপান এবং মদ্যপান স্তন ক্যানসারের ঝুঁকি বৃদ্ধি করে।
(৫) বেশি বয়সে অর্থাৎ বিলম্বে বিবাহ এবং সন্তান ধারণ স্তন ক্যানসারের (breast cancer) প্রবণতাকে বৃদ্ধি করে।
(৬) লেট মেনোপজেও স্তন ক্যানসারের (breast cancer) ঝুঁকি থেকে যায়।

**ঝুঁকি কমার বিষয়গুলো:**
(১) ৩৫ বছর বয়সের আগে অপারেশনের মাধ্যমে oophorectomy করে ডিম্বাশয় (ovary) বাদ দিলে স্তন ক্যানসারের প্রবণতা হ্রাস পায়। কারণ oophorectomy-র ফলে দেহে ইস্ট্রোজেনের উৎপাদন কমে যায়। সাথে সাথে স্তন ক্যানসারের প্রবণতাও কমে।
(২) ২০ বছরের মধ্যে প্রথম সন্তান গ্রহণ করলে স্তন ক্যানসারের (breast cancer) –এর প্রবণতা কমে।
(৩) ব্রেস্ট ফিডিং স্তন ক্যানসারের (breast cancer)-এর সম্ভাবনাকে কমাতে সাহায্য করে।

